


নৈতিকতা কমিটির মাসিক সভার প্রতিবেদন

বিষয় : “সরকারী কর্মচারীদের শৃঙ্খলা ও আচরণ বিধিমালা সংক্রান্ত”
সময় : সকাল ১০:৩০ থেকে ১১:৩০ ঘটিকা পর্যন্ত
তারিখ : ৩০/১১/২০২০ খ্রিঃ
সভাপতি : সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট





উপস্থিতির তালিকা ‘ক’ তে সংযুক্ত করা হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এর কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং সদস্য-সচিব, মো: নূরুজ্জামান ভূইয়া, রেখাকারকে এ বিষয়ে কিছু পাঠ করার ও বলার জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ৩০ এ। সরকারী সিদ্ধান্ত, আদেশ ইত্যাদি-কোন সরকারী কর্মচারী (ডি) সরকারী কর্মচারীদের মধ্যে যে কোনভাবে অসন্তোষ্টি, ভুল বুঝাবুঝি বা বিদ্বেষের সৃষ্টি করিতে অথবা অন্যকে প্ররোচিত করিতে বা সৃষ্টির উদ্যোগ গ্রহণ করিতে পারিবেন না এবং এ বিধিমালা লংঘনের শাস্তি অসদরূচরণ এর শাস্তির অনুরূপ সে সম্পর্কে ধারণা দেন। একই সাথে তিনি সংস্থাপন মন্ত্রণালয়ের সার্কুলার নং-সম/ডি-৪ (আচরণ)-০৭/৯০-২৬৮ (১৫০), তারিখঃ ২২/০৭/১৯৯১ এর “অফিস সময়ে অফিস বহির্ভূত কাজ হইতে বিরত থাকা প্রসঙ্গে” বিষয়টি মোহাম্মদ ফিরোজ মিয়া রচিত “শৃঙ্খলা ও আচরণ বিধিমালা” এবং “চাকুরীর বিধানাবলী” এই দুইটি বই হতে আলোচনা করেন। এ পর্যায়ে সভাপতি জানান যে, অফিসকালীন সময়ে যে কোন সভা, সমাবেশ, সেমিনার বা বক্তৃতা প্রদান সরকারী কর্মচারীদের আচরণ বিধিমালার পরিপন্থী। তিনি এ সমস্ত কাজে কখনো কর্মচারীদের অংশগ্রহণ না করার অনুরোধ জানান। তিনি এর মাধ্যমে সরকারের জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল বিষয়ে সম্যক জ্ঞান লাভ করা হয়েছে যা সরকারী কর্মকর্তা/কর্মচারীদের কর্মক্ষেত্রে তথা সর্বস্তরে কর্মচারীদের আচার ও আচরণ রক্ষার্থে কার্যকরী হবে বলে জানান।

পরিশেষে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

৩০/১১/২০২০ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

ক্র: নং:	নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ	মন্তব্য
১	শাহীন আহমেদ, সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি	 ৩০/১১/২০২০	—
২	বাদশা মিয়া অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	 ৩০/১১/২০২০	
৩	মো: নূরুজ্জামান ভূইয়া, রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি	 ৩০/১১/২০২০	
৪	মো: বুবেল হোসেন, সার্ভেয়ার	 ৩০/১১/২০২০	